দৈনিক ইনকিলাব

তারিখ ... DEC -1-2 1999
পৃষ্ঠা 28 কলাম 8

62

# খুলনায় প্রধান শিক্ষক শিক্ষিকাদের বরাবরে লিগ্যাল নোটিশ

খুলনা ব্যুরো ঃ ২০০০ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায় করায় নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও শিক্ষিকা বরাবর লিগ্যাল নোটিশ প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ ছাত্র ফেডারেশন খুলনা মহানগরী কমিটির পক্ষ থেকে গত মঙ্গলবার এডভোকেট সুব্রত কুমার কুণ্ডু উক্ত লিগ্যাল নোটিশ প্রদান করেন। লিগ্যাল নোটিশে উল্লেখ করা হয়, যশোর শিক্ষা বোর্ডের নির্দেশ অমান্য করে জনপ্রতি দেড় হাজার থেকে আড়াই হাজার টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে।